# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

তারিখ ঃ ২৬ ডিসেম্বর, ২০১১
স্থান ঃ সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি ঃ ব্রিগেডিয়ার জেনারেল তানভির হাসান মজুমদার
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ঃ গত ১৬ নভেম্বর, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।
সিদ্ধান্ত ঃ ১৬ নভেম্বর, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনান্তে দৃঢ়ীকরণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ নভেম্বর, ২০১১ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।
সিদ্ধান্ত ঃ ২০১১-২০১২ অর্থ বছরের নভেম্বর, ২০১১ মাস পর্যন্ত ২৬.৯১% রাজস্ব আদায় হয়েছে, যা সন্তোষজনক নয়। ডিওএইচএস বনানী ও কচুক্ষেত পুরান বাজার এলাকার রাজস্ব আদায়ের অগ্রগতি সন্তোষজনক নয়। রাজস্ব আদায়ে আরো কার্যকরী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩ঃ নভেম্বর, ২০১১ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।
সিদ্ধান্ত ঃ নভেম্বর, ২০১১ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৪ঃ নভেম্বর, ২০১১ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।
সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, সিএমএইচ এবং শহীদ বাশার রোড এলাকায় মশক নিধনে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য স্টেশন হেলথ অর্গানাইজেশনকে অনুরোধ জানানো হলো।

আলোচ্যসূচী-৫ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রসংগে ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতার/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#২৩/বি, ফ্ল্যাট#৬০১, ৬০২, ৬০৩ ও ৬০৪ (৬ষ্ঠ তলা), রোড#২/এ, ক্যান্টনমেন্ট বা/এ, ঢাকা সেনানিবাস। | মিসেস ফজিলাতুন নেসা গজনবী স্বামী- মরহুম আমির জং ওরফে মোঃ গজনবী বাড়ী#২৩/বি, রোড#২/এ, ক্যান্টনমেন্ট বা/এ, ঢাকা সেনানিবাস। তারিখ ঃ ২৮ নভেম্বর, ২০১১ | জনাব চৌধুরী নাফিজ সরাফাত, পিতা- মরহুম সরাফাত হোসেন চৌধুরী ৭৮/৩, ইউএন সড়ক, বারিধারা, শাহাজাদপুর, গুলশান, ঢাকা। | ১২ ডিসেম্বর, ২০১১ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ৬০১ : ১৩৭০ ব: ফু: ৬০২ : ১৪২০ ব: ফু: ৬০৩ : ১৪৭০ ব: ফু: ৬০৪ : ১৪৭০ ব: ফু: বার্ষিক গৃহকর- ৪২,০০০/- টাকা জুন, ২০১১ পর্যন্ত পরিশোধ। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| (২) | বাড়ী#৬৫, ফ্ল্যাট#বি-৫ রোড#৭ ক্যান্টনমেন্ট বা/এ, ঢাকা সেনানিবাস। | এটিএম ইয়াছিন ফেরদৌস বাড়ী#৬৫, ফ্ল্যাট#বি-৫ রোড#৭ ক্যান্টনমেন্ট বা/এ, ঢাকা সেনানিবাস। তারিখ ঃ ১৪ নভেম্বর, ২০১১ | জনাব মোহাম্মদ ইউসুফ পিতা- ডা: এম এম আমজাদ হোসেন বাড়ী#৬৯, ফ্ল্যাট#৫০২, রোড#৭ ক্যান্টনমেন্ট বা/এ, ঢাকা সেনানিবাস। | ১৯ জানুয়ারি, ২০১১ তারিখের ১৩০০/১২০/৫৭/৫/ক নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ২২০০ ব: ফু: বার্ষিক গৃহকর- ১১,২৫০/- টাকা জুন, ২০১২ পর্যন্ত পরিশোধ। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩/বি নং প্লটে নির্মিত বাড়ীর ৬০১, ৬০২, ৬০৩ ও ৬০৪ নং ফ্ল্যাট এবং ৬৫ নং প্লটে নির্মিত বাড়ীর বি-৫ নং ফ্ল্যাট প্রস্তাবিত ক্রেতাদের অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৬ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী প্রসংগে ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | আবেদনকারী/দাতার নাম, ঠিকানা ও তারিখ | গ্রহীতা/ক্রেতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র/রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী# ২৮, ফ্ল্যাট#৩-বি রোড# ৪ ক্যান্টনমেন্ট বা/এ ঢাকা সেনানিবাস। | মিসেস আফসানা চৌধুরী পিতা- মরহুম আব্দুল খালেক মাতা- মরহুমা রিজিয়া খালেক বাড়ী# ২৮, ফ্ল্যাট#৩-বি রোড# ৪ ক্যান্টনমেন্ট বা/এ ঢাকা সেনানিবাস। | জনাব মোঃ ইউসুফ নিয়াজ, পিতা- মরহুম আব্দুল খালেক মাতা- মরহুমা রিজিয়া খালেক বাড়ী# ২৮, ফ্ল্যাট#৩-বি রোড# ৪ ক্যান্টনমেন্ট বা/এ ঢাকা সেনানিবাস। | বোন কর্তৃক ভাইকে রেজিষ্ট্রিকৃত হেবামূলে দানকৃত | অত্র দপ্তরের ১০/৭/২০১১ তারখের ঢাক্যাবো/ক্যাঃআঃ এঃ/২৮/ফ্ল্যাট নং-৩-বি(৪র্থ তলা)/১৩৯ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন- ২১২৫ বঃফুঃ বার্ষিক গৃহকর- ১৫,০০০/- টাকা জুন, ২০১২ পর্যন্ত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| (২) | বাড়ী# ৮০ রোড# ১১ ক্যান্টনমেন্ট বা/এ ঢাকা সেনানিবাস। | (১) কাইজার রবিন (তারেক), (২) লীনা পারভীন ও (৩) নাছিমা পারভীন এর ১৭ জুলাই, ২০১১ তারিখের আবেদন। | (১) কাইজার রবিন (তারেক), (২) মোঃ এনামুল করিম, (৩) ডাঃ কোহিনূর পারভীন, (৪) নাছিমা পারভীন, (৫) লীনা পারভীন ও (৬) আছিয়া বেগম। | রেজিস্ট্রিকৃত আপোষ বন্টননামা দলিল মূলে। | অত্র দপ্তরের ১০/৭/২০১১ তারখের ঢাক্যাবো/ক্যাঃআঃ এঃ/৮০/৩৪০ নং পত্র। | প্লটের আয়তন- ৪৫০০ বঃফুঃ বার্ষিক গৃহকর- ১৩,৮৭৫/- টাকা জুন, ২০১১ পর্যন্ত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| (৩) | বাড়ী# ১৬/জি, রোড# ২/এ ক্যান্টনমেন্ট বা/এ ঢাকা সেনানিবাস। | জনাব শহিদ উদ্দিন আহমেদ বাড়ী# ১৬/জি, রোড#২/এ ক্যান্টনমেন্ট বা/এ ঢাকা সেনানিবাস। | (১) জনাব এহসান উদ্দিন আহমেদ (২) মিসেস সাবেরা আহমেদ কলি সর্বপিতা- জনাব শহিদ উদ্দিন আহমেদ | পিতা কর্তৃক পুত্র-কন্যাকে রেজিষ্ট্রিকৃত হেবা দলিলমূলে দানকৃত। | অত্র দপ্তরের ২০/১১/২০১১ তারখের ঢাক্যাবো/ক্যাঃআঃ এঃ/১৬-জি/২৮৫ নং পত্র। | প্লটের আয়তন- ৫৪৪৫ বঃফুঃ(৭.৫৬ কাঠা) বার্ষিক গৃহকর- ১২,০০০/- টাকা জুন, ২০১১ পর্যন্ত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

সিদ্ধান্ত ঃ ক্রমিক নং-১ হতে ৩ এ বর্ণিত প্লট/ফ্ল্যাটগুলি রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে দানকৃত গ্রহীতাগণের নামে নামজারী করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০ বছর মেয়াদী ৯০০ বর্গফুট বিশিষ্ট ৮৮ নং শপ প্লটটি ইজারা মেয়াদান্তে পরবর্তী মেয়াদে নবায়নের জন্য উক্ত প্লটের মালিক জনাব মিসেস সামিয়া আবেদ, পিতা- মরহুম আবেদ আলী খানের ৩০ অক্টোবর, ২০১১ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ আইনগত দিক পর্যালোচনা করে আইন উপদেষ্টার মতামতসহ আগামী বোর্ডসভায় স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০ বছর মেয়াদী ৯০০ বর্গফুট বিশিষ্ট ৯৯ নং শপ প্লটটি ইজারা মেয়াদান্তে পরবর্তী মেয়াদে নবায়নের জন্য উক্ত প্লটের মালিক জনাব মোঃ শহিদুল্লাহ খানের ২৩ অক্টোবর, ২০১১ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ আইনগত দিক পর্যালোচনা করে আইন উপদেষ্টার মতামতসহ আগামী বোর্ডসভায় স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৯ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার বিভিন্ন প্লট সংলগ্ন বরাদ্দের অতিরিক্ত জমি বরাদ্দের নিমিত্তে মূল্য নির্ধারণ ও নীতিমালা প্রণয়নের জন্য গঠিত কমিটির প্রতিবেদন অবলোকন ও অনুমোদন।

সিদ্ধান্ত ঃ সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস, নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সমন্বয়ে গঠিত কমিটির মতামত অনুসারে ক্যান্টনমেন্ট বাজার এলাকার বিভিন্ন প্লট সংলগ্ন বরাদ্দের অতিরিক্ত জমি উদ্ধার করে স্বতন্ত্র প্লট না করা গেলে বরাদ্দলাভকারীগণ যদি প্লট সংলগ্ন অতিরিক্ত জমি বরাদ্দের জন্য আবেদন করেন তবে তা বর্তমান বাজার মূল্যের ০৩ গুন মূল্য এবং প্রচলিত নিয়ম অনুযায়ী খাজনা পরিশোধ সাপেক্ষে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১০ঃ স্বাধীনতা সরণির পশ্চিম প্রান্তে নব-নির্মিত মার্কেটের ০৬ (ছয়)টি দোকানের ইজারা বাতিল সংক্রান্ত বোর্ডসভার সিদ্ধান্ত পুনর্বিবেচনা করার আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ দোকান ইজারা গ্রহীতাগণের আবেদনের প্রেক্ষিতে এককালীন সমুদয় পাওনা পরিশোধ সাপেক্ষে ইজারা বাতিল সংক্রান্ত ইতোপূর্বের বোর্ডসভার সিদ্ধান্ত সংশোধন করা হলো। তবে প্রতি কিস্তি বকেয়ার জন্য ২০,০০০/- টাকাসহ পরিশোধ করতে হবে। ভবিষ্যতে এটি কোন উদাহরণ হিসেবে প্রযোজ্য হবে না। বকেয়াসহ সমুদয় পাওনা আগামী ২৩ জানুয়ারি, ২০১২ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে।

আলোচ্যসূচী-১১ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে ফরমালিন সনাক্তকরণ কাজের জন্য মাস্টার রোলে ০২(দুই) জন লোক নিয়োগের অনুমোদন।

সিদ্ধান্ত ঃ ফরমালিন সনাক্তকরণ কাজে/কেমিক্যাল পরীক্ষা কাজে দক্ষ দুই জন লোক দৈনিক ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা মজুরীতে স্থানীয় বিজ্ঞপ্তির মাধ্যমে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাস্টার রোলে নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত ব্যয় বাজার কমিটির তহবিল হতে নির্বাহ করতে হবে।

আলোচ্যসূচী-১২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত রজনীগন্ধা টাওয়ার/১৬ দোকান বরাদ্দের নীতিমালা সংশোধন।

সিদ্ধান্ত ঃ প্রস্তাবিত নীতিমালা অবলোকন করা হলো। নীতিমালা আরো পর্যবেক্ষণ করে স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব প্রস্তুতের জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব হেলাল উদ্দিন আহ্‌মেদ<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সভাপতি |
| (২) | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৩) | রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৪) | আইন উপদেষ্টা, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

আলোচ্যসূচী-১৩ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের নিচতলার ৬ টি দোকানের ফেরতযোগ্য জামানত পুনঃনির্ধারণের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের নিচতলার ৬ টি দোকানের ফেরতযোগ্য জামানত ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার স্থলে ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পুনঃনির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। দোকান ভাড়া বর্তমানে ধার্যকৃত হারে আদায় করা হবে।

আলোচ্যসূচী-১৪ঃ রজনীগন্ধা টাওয়ার এর বিভিন্ন তলার ১৩টি দোকানের সালামীর কিস্তি পরিশোধ না করায় ইজারা বাতিলের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ইজারা অনুমোদনের দীর্ঘ দিন অতিবাহিত হওয়ার পরও রজনীগন্ধা টাওয়ার এর নিম্নবর্ণিত দোকানসমূহের ইজারা বাতিলসহ জমাকৃত জামানত বাজেয়াপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | দোকান নং |
|---|---|
| (১) | ১ম তলা-১২ (সামরিক) |
| (২) | ২য় তলা-৫ |
| (৩) | ২য় তলা-৬ |
| (৪) | ২য় তলা-৯ |
| (৫) | ২য় তলা-১০ |
| (৬) | ২য় তলা-১৫ |
| (৭) | ৩য় তলা-১ |
| (৮) | ৩য় তলা-২ |
| (৯) | ৩য় তলা-৪ |
| (১০) | ৩য় তলা-১৯ |
| (১১) | ৩য় তলা-৩০ |
| (১২) | ৪র্থ তলা-১৩ |
| (১৩) | ৪র্থ তলা-১৪ |

উক্ত দোকানগুলি ইজারা প্রদানের জন্য দরপত্র আহ্বান করা হোক।

আলোচ্যসূচী-১৫ঃ বিএসডি কর্তৃক ক্রয়কৃত ফরমালিন সনাক্তকরণ কীট, যন্ত্রাংশ ও বিভিন্ন কেমিক্যাল এর ২৩,৮৪০/- (তেইশ হাজার আটশত চল্লিশ) টাকার বিল পরিশোধের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ ফরমালিন সনাক্তকরণ কীট, যন্ত্রাংশ ও বিভিন্ন কেমিক্যাল বিএসডি কর্তৃক ক্রয়কৃত বিল-ভাউচার অনুযায়ী ২৩,৮৪০/- (তেইশ হাজার আটশত চল্লিশ) টাকার বিল বিএসডি-কে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত ব্যয় বাজার কমিটির তহবিল হতে নির্বাহ করতে হবে।

আলোচ্যসূচী-১৬ঃ ব্রিটিশ আমেরিকান ট্যোবাকো বাংলাদেশ এর শিপিং শেড ও কর্মচারীদের রেস্টরুম পুনর্বাসনের সংশোধিত নকশা অনুমোদনের বিষয়ে বিএটিবি'র ১৩ অক্টোবর, ২০১১ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ ব্রিটিশ আমেরিকান ট্যোবাকো বাংলাদেশ এর শিপিং শেড ও কর্মচারীদের রেস্টরুম পুনর্বাসনের সংশোধিত নকশা প্রয়োজনীয় ফি আদায় সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৭ঃ ব্রিটিশ আমেরিকান ট্যোবাকো বাংলাদেশ এর ০২ (দুই) তলা বিশিষ্ট নতুন অফিস ভবন নির্মাণের নকশা অনুমোদনের বিষয়ে ২০ নভেম্বর, ২০১১ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ ব্রিটিশ আমেরিকান ট্যোবাকো বাংলাদেশ এর ০২ (দুই) তলা বিশিষ্ট নতুন অফিস ভবন নির্মাণের নকশা প্রয়োজনীয় ফি আদায় সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৮ঃ ঢাকা সেনানিবাসস্থ মহাখালী ডিওএইচএস এলাকার সিএস-৪৩, ৪৪, ৪৫, ৪৬ ও ৪৭ নং প্লটে ২টি বেজমেন্ট ফ্লোরসহ রাওয়ার ১২ তলা ভবনে শুধুমাত্র প্রবেশ ও বাহির হওয়ার পথ হিসেবে ব্যবহারের জন্য ক্লাবের পশ্চিম পার্শ্বের ০.৬২৮৮ একর জমি ব্যবহারের বিষয়ে এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের অনাপত্তি সংক্রান্ত ০৪ ডিসেম্বর, ২০১১তারিখের বিডি/এলসি/৯৪১/৮৯/৪ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ রাওয়া ক্লাবের পশ্চিম পার্শ্বের ০.৬২৮৮ একর জমি শুধুমাত্র ভবনে যাতায়াতের পথ হিসেবে ব্যবহারের শর্তে নকশা অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে উক্ত স্থানে কোন ক্রমেই কোন স্থাপনা নির্মাণ করা যাবে না। এ নকশা অনুমোদনের ফলে উক্ত জমিতে তাদের অধিকার প্রতিষ্ঠিত হবে না এবং উক্ত জমি পাওয়ার ব্যাপারে এ সিদ্ধান্তটি উল্লেখ করা যাবে না।

আলোচ্যসূচী-১৯ঃ গত ১৬ নভেম্বর, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৩ এর মাধ্যমে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ পার্ক ব্লকের মেয়াদোত্তীর্ণ ২২টি দোকানের পুনঃবরাদ্দের নির্ধারিত সালামী কমানো ও মেয়াদ বৃদ্ধির আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত পর্যালোচনা করে একটি সুনির্দিষ্ট প্রস্তাব পেশ করার জন্য নিম্নবর্ণিতভাবে কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

(১) জনাব হেলাল উদ্দিন আহ্‌মেদ -- সভাপতি
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
(২) নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য
(৩) রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য

আলোচ্যসূচী-২০ঃ ১৭ অক্টোবর, ২০১১ তারিখ এবং ১৬ নভেম্বর, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় নকশা অনুমোদন সংক্রান্ত (Vertical Extension) সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ বুয়েট এ প্রেরিত নকশার উপর মতামত গ্রহণের জন্য বিপুল পরিমাণ অর্থ ব্যয় হবে বিধায় মিলিটারী ইন্সটিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি (MIST) হতে এ ব্যাপারে বিশেষজ্ঞ মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে এক্ষেত্রে যদি কোন অর্থ ব্যয় হয় তাহলে তা সংশ্লিষ্ট প্লট মালিককেই বহন করতে হবে। ০৭(সাত) তলা ফাউন্ডেশনের অনুমোদিত ছয় তলা ভবনের নকশার উপর ৭ম তলার নকশা অনুমোদনের বিষয়ে ক্যান্টনমেন্ট বোর্ড নিরীক্ষান্তে সিদ্ধান্ত দিবে।

আলোচ্যসূচী-২১ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | জনাব খোরশেদ আলম চৌধুরী | ৪০১ | মিরপুর ডিওএইচএস | ০৭ তলা নতুন ভবন নির্মাণ |
| ২। | বিএ-১৪২০ ব্রিগেঃ জেনাঃ মির্জা তোজাম্মেল হোসেন বেগ | ৪১৪ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৭ তলা নতুন ভবন নির্মাণ (খালি প্লট) |
| ৩। | বিএ-২১৭৬ লেঃ কর্ণেল (অবঃ) ফকির মাহবুবুর রহমান | ৮১৪ | মিরপুর ডিওএইচএস | ০৭ তলা নতুন ভবন নির্মাণ |
| ৪। | আমিনা মোরশেদ গং | ১০৯৩ | মিরপুর ডিওএইচএস | ০৭ তলা নতুন ভবন নির্মাণ |
| ৫। | বিএ-১৫১৪ মেজর (অবঃ) এ কে এম আব্দুল মালেক | ৩৪৮ | মিরপুর ডিওএইচএস | ০৭ তলা নতুন ভবন নির্মাণ |
| ৬। | বিএ-১৬৮০ লেঃ কর্ণেল সৈয়দ মঈনুল হক (অবঃ) | ৪৭৮ | মিরপুর ডিওএইচএস | ০৭ তলা নতুন ভবন নির্মাণ |
| ৭। | (ক) বিএ-২২৩৭ লেঃ কর্ণেল মোঃ মকবুল কাদের (অবঃ)<br>(খ) বিএ-১০০৩২৮ ব্রিগেঃ জেনাঃ আবু বকর সিদ্দিক | ৭৭১/এ<br>৭৭২ | মিরপুর ডিওএইচএস | ০৭ তলা নতুন ভবন নির্মাণ |
| ৮। | বিএ-২০৫৭ মেজর জেনাঃ আবুল কালাম মোহাম্মদ হুমায়ুন কবির | ৪৯৮ | মিরপুর ডিওএইচএস | ০৭ তলা নতুন ভবন নির্মাণ |
| ৯। | বিএ-১৯৩৯ লেঃ কর্ণেল এসএম ফিরোজ আহমেদ | ৬১৪ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৭ তলা নতুন ভবন নির্মাণ (খালি প্লট) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০। | বিএ-২১৯৫ লেঃ কর্ণেল (অবঃ) ফারুক আহমেদ | ১০১৯ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৭ তলা নতুন ভবন নির্মাণ (খালি প্লট) |
| ১১। | পি নং-২৫০ কমান্ডার এম জাম্শেদ আলী | ৫৭৯ | মিরপুর ডিওএইচএস | ০৭ তলা নতুন ভবন নির্মাণ |
| ১২। | বিএ-২২৬৯ ব্রিগেঃ জেনাঃ মোঃ জাফর উল্লা খান | ১০৩৭ | মিরপুর ডিওএইচএস | ০৭ তলা নতুন ভবন নির্মাণ |
| ১৩। | বিএ-২২২১ ব্রিগেঃ জেনাঃ মোঃ আব্দুল হান্নান | ১০৫৮ | মিরপুর ডিওএইচএস | ০৭ তলা নতুন ভবন নির্মাণ |
| ১৪। | বিএ-১১৮৯ মেজর এ কে এম কাজী জাকির হোসেন | ২১২ | মিরপুর ডিওএইচএস | ০৭ তলা নতুন ভবন নির্মাণ |
| ১৫। | বিএ-১০০২৫৫ লেঃ কর্ণেল (অবঃ) শ ম হোসেন শহীদ | ৪৩৮ | মিরপুর ডিওএইচএস | ০৬ তলার উপর ০৭ তলা নির্মাণ |
| ১৬। | (ক) বিডি-৭০৪১ এয়ার মার্শাল এস এম জিয়াউর রহমান<br>(খ) বিডি-৭০৪৮ এয়ার কমডোর (অবঃ) এ কে এম হারুন চৌধুরী | ৩৭৬<br>৩৭৭ | মিরপুর ডিওএইচএস | ০৬ তলার উপর ০৭ তলা নির্মাণ |
| ১৭। | (ক) বিএসএস-১৮৭২ লেঃ কর্ণেল (অবঃ) মোঃ আমির ফায়সাল<br>(খ) বিএ-১৯৯৬ ব্রিগেঃ জেনাঃ মির্জা মঞ্জুর কাদির | ৪৪৬<br>৪৪৭ | মিরপুর ডিওএইচএস | ০৬ তলার উপর ০৭ তলা নির্মাণ |
| ১৮। | (ক) বিএসএস-১৬৯৪ মেজর (অবঃ) মোঃ আসাদ উল্লাহ<br>(খ) মিসেস সালমা গিয়াস ও অন্য গং | ৪৩০<br>৪৩০/এ | মিরপুর ডিওএইচএস | ০৬ তলার উপর ০৭ তলা নির্মাণ |
| ১৯। | বিএসএস-১৭৯৯ লেঃ কর্ণেল মোহাম্মদ মাইনুল করিম (অবঃ) | ৫০৬ | মিরপুর ডিওএইচএস | ০৬ তলার উপর ০৭ তলা নির্মাণ |
| ২০। | বিএসএস-১৬৭৪ লেঃ কর্ণেল (অবঃ) আমির আজম খান | ১৮৮ | মিরপুর ডিওএইচএস | ০৬ তলার উপর ০৭ তলা নির্মাণ |
| ২১। | বিএসএস-১৮৪৯ লেঃ কর্ণেল (অবঃ) মোঃ আক্তারুজ্জামান খান | ৫৪৩ | মিরপুর ডিওএইচএস | ০৬ তলার উপর ০৭ তলা নির্মাণ |
| ২২। | বিএ-১৯১১ লেঃ কর্ণেল মোঃ আমিনুল ইসলাম (অবঃ) | ৬০০ | মিরপুর ডিওএইচএস | ০৬ তলার উপর ০৭ তলা নির্মাণ |
| ২৩। | বিএ-১০০২৪৬ ব্রিগেঃ জেনাঃ আবদুর রহমান সিদ্দিকী | ৭৩৩ | মিরপুর ডিওএইচএস | ০৬ তলার উপর ০৭ তলা নির্মাণ |
| ২৪। | বিএ-১০০২৪৮ মেজর জেনাঃ বিজয় কুমার সরকার<br>ও<br>মেজর বিইসি-১১০১৫৮ মেজর মায়া রানী দাস | ৫৬২ | মিরপুর ডিওএইচএস | ০৬ তলার উপর ০৭ তলা নির্মাণ |
| ২৫। | বিএ-২২৩২ লেঃ কর্ণেল সুফিয়ান মুরাদ রাব্বান | ১০১৬ | মিরপুর ডিওএইচএস | ০৬ তলার উপর ০৭ তলা নির্মাণ |
| ২৬। | (ক) জনাব মো ওবায়দুল হক (খ) মোঃ মাহবুবুর রহমান | ৩৩০ | বারিধারা ডিওএইচএস | ০৬ তলার উপর ০৭ তলা নির্মাণ |
| ২৭। | বিএসএস-১৩৪১ লেঃ কর্ণেল মোঃ শফিউল ইসলাম (অবঃ) | ৪৫০/১ | বারিধারা ডিওএইচএস | ০৬ তলার উপর ০৭ তলা নির্মাণ |
| ২৮। | পি নং-৭৪ কমান্ডার হাফিজুর রহমান (অবঃ) | ৫৩৬ | বারিধারা ডিওএইচএস | ০৫ তলার উপর ০৬ তলা নির্মাণ। |
| ২৯। | বিএ-৭০৮ লেঃ কর্ণেল জাহাঙ্গীর আখতার চৌধুরী | ৩৫১ | বারিধারা ডিওএইচএস | ০৫ তলার উপর ০৬ তলা নির্মাণ। |
| ৩০। | বিএ-৩০৩ লেঃ কর্ণেল মজিবুল ইসলাম খান (অবঃ) | ১৯৫ | মহাখালী ডিওএইচএস | ০৩ তলা পুরাতন ভবন ভেঙ্গে ০৭ তলা নতুন ভবন নির্মাণ। |
| ৩১। | মিসেস নাজমা শফিক গং | ৩৮৮ | মহাখালী ডিওএইচএস | ০৫ তলা পুরাতন ভবন ভেঙ্গে ০৭ তলা নতুন ভবন নির্মাণ। |
| ৩২। | জনাব হাসান মাহমুদ | ৩১৬ | মহাখালী ডিওএইচএস | ০৩ তলা পুরাতন ভবন ভেঙ্গে ০৭ তলা নতুন ভবন নির্মাণ। |
| ৩৩। | লেঃ কর্ণেল জেবুন্নেসা আজিজ (অবঃ) | বি/১৩১ | মহাখালী ডিওএইচএস | ০৬ তলার উপর ০৭ তলা নির্মাণ। |
| ৩৪। | জনাব মোস্তফা আহমেদ নঈম | ১৯৮ | মহাখালী ডিওএইচএস | ০৬ তলার উপর ০৭ তলা নির্মাণ। |
| ৩৫। | বিএসএস-৩২২ ব্রিগেঃ জেনাঃ সেলিম খান | ২১০ | মহাখালী ডিওএইচএস | ০৬ তলার উপর ০৭ তলা নির্মাণ |
| ৩৬। | মিসেস হোসনে আরা চৌধুরী | ৬৪/এ | বনানী ডিওএইচএস | ০৪ তলা পুরাতন ভবন ভেঙ্গে বেজমেন্ট ও ০৭ তলা নতুন ভবন নির্মাণ (বর্তমানে খালী প্লট) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৭। | বেগম সুফিয়া খান গং<br>স্বামী- লেঃ জেনাঃ এম নূর উদ্দিন খান (অবঃ) | ৪৫ | বনানী<br>ডিওএইচএস | সংশোধিত ০৬ তলা<br>(আভ্যন্তরীন পরিবর্তন) |
| ৩৮। | মোঃ সালাহ উদ্দিন | সিএস-১৫০<br>মৌজা<br>লালাসরাই | সিবি-১৬<br>কচুক্ষেত পুরান বাজার | ০৫ (পাঁচ) তলা আবাসিক<br>ভবন |

সিদ্ধান্ত ঃ নতুন আবাসিক ভবনসমূহ নির্মাণের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ভার্টিক্যাল এক্সটেনশনের ক্ষেত্রে এমআইএসটি থেকে কারিগরী মতামত প্রাপ্তি সাপেক্ষে নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। প্লট প্রতি এমআইএসটি এর ধার্যকৃত ফি সংশ্লিষ্ট প্লট মালিককে পরিশোধ করতে হবে। এতদ্ব্যাতীত ১৭ অক্টোবর, ২০১১ তারিখের এবং ১৬ নভেম্বর, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী যথাক্রমে ১৭ এবং ১১ এর মাধ্যমে আরো ৭১টি নকশা এমআইএসটিতে প্রেরণ করতে হবে। আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে, ক্যান্টনমেন্ট বোর্ড হতে প্লট প্রতি ৩,০০০/- টাকা করে যে ফি বুয়েটকে প্রদান করা হয়েছে তাও প্লট মালিকগণকে ক্যান্টনমেন্ট বোর্ডে প্রদান করতে হবে।

আলোচ্যসূচী-২২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | রজনীগন্ধা সুপার মার্কেটের ময়লা অপসারনের জন্য ০১টি ভ্যান গাড়ী ও ০৩টি ট্রলি গাড়ী ক্রয়। | ৪৩,০০০/-<br>(বাজার দর) | আর্মি কন্জারভেন্সী খাত |
| (২) | বনানী আশালতা/বনলতা অফিসার্স কোয়ার্টারের সম্মুখে গাইড ওয়াল নির্মাণ। | ২,৫৫,২৬৮/- টাকা | বোর্ড তহবিল |
| (৩) | শহীদ সরণির ২১ টি প্যানাফ্ল্যাক্স সাইন বোর্ড মেরামত ও আইল্যান্ডে রিফ্লেক্টিভ স্টিকার স্থাপন কাজ। | ১,০১,৭২০/- টাকা | বোর্ড তহবিল |
| (৪) | আর্মি এমপি ইউনিটের জন্য ২৫০টি স্থানান্তরযোগ্য প্লাস্টিক রোড ডিভাইডার সরবরাহ। | ২,২৫,৭০০/- টাকা | বোর্ড তহবিল |
| (৫) | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ২৫ (নিচতলা পুর্ব পার্শ্ব) নং বাসার মেরামত ও রক্ষনাবেক্ষণ কাজ। | ৮২,৫১৩/- | মেরামত ও রক্ষনাবেক্ষণ খাত |
| (৬) | ঢাকা সেনানিবাসস্থ স্বাধীনতা চত্বর, শাপলা চত্বর ও রজনীগন্ধা সুপার মার্কেট রং ও চুনার কাজ করণ। | ১,৮৪,২৩৫/- | মেরামত ও রক্ষনাবেক্ষণ খাত |

সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১, ৫ এবং ৬ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট মূল্যানুমানগুলো চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১০ মোতাবেক | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়াটার নং ৬৫/এ দোতলা মেরামত ও রং করণ। | ৮৯,৩৪৫/- টাকা | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ারিং কোং | ৮৯,৩৪৫/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (২) | রজনীগন্ধা সুপার মার্কেটের জন্য ০২টি সাইনবোর্ড সরবরাহ ও স্থাপন এবং ০১টি সাইনবোর্ড মেরামত করণ। | ৫৪,৩৮০/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ | ৫৪,৩৮০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৩) | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উত্তর পার্শ্বে গ্যারেজের রোলিং শার্টার স্থাপন। | ৩৬,৩৮৬/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ | ৩৬,৩৮৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৪/আই নং বাসা মেরামত ও রং করণ। | ৪১,৮৪৩/- | মেসার্স রহমান ট্রেডার্স | ৪১,৮৪৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৪/আই এবং ৬৪/জে নং বাসার সামনে বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ২৭,৩৮০/- | মেসার্স রহমান ট্রেডার্স | ২৭,৩,৮০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৬) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের পার্শ্বে ৬০/৬ নং স্টাফ কোয়ার্টার মেরামত করণ। | ১৮,১৭১/- | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ১৮,৭১৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৭) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৪/ই নং বাসার মেরামত ও রং করণ কাজ। | ৪০,৬৩০/- | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স | ৪০,৬৩০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (৮) | ঢাকা সেনানিবাসের শিশুপার্ক সমূহ মেরামত, বিয়ারিং লাগানো ও রং করণ কাজ। | ১,৯৯,৮০০/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ | ১,৯৯,৮০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৯) | রজনীগন্ধা সুপার মার্কেটের জনতা ব্যাংকের পূর্বাংশ মেরামত ও রং চুন কাজ। | ৪২,২৫৩/- | মেসার্স রহমান ট্রেডার্স | ৪২,২৫৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (১০) | বনানী সামরিক কবরস্থানের রাস্তার পটহোল মেরামত ও কার্পেটিং কাজ। | ২৯,৫০০/- | মেসার্স মনির এন্ড কোং | ২৯,৫০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (১১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোডে ৯ বছর পূর্বে স্থাপিত ডিপ টিউবওয়েল এর পানির পাম্পটি হঠাৎ বিকল হয়ে যাওয়ায় তা উত্তোলন করে মেরামতসহ পুনঃ স্থাপন। | ১,০৬,০০০/- | বিল্লাল বোরিং এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ | ১,০৬,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (১২) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের উত্তর দিকে সীমানা দেয়াল হতে দক্ষিণে গেইট পর্যন্ত জিআই পাইপের পানির লাইন স্থাপন। | ২৬,৮৯৫/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ২৬,৮৯৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (১৩) | স্বাধীনতা সরণি হতে শহীদ বাশার রোড পর্যন্ত রেল লাইনের উভয় পার্শ্বে জঙ্গল কাটা ও পরিস্কার করণ। | ৯১,৫৬৪/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৯১,৫৬৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (১৪) | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ বিদ্যুৎ উপকেন্দ্রে টয়লেটে পানির লাইন না থাকায় জিআই পাইপ দ্বারা পানির লাইন স্থাপন কাজ। | ২৮,০৮৮/- | মেসার্স রহমান ট্রেডার্স | ২৮,০৮৮/- | সংস্কার ও মেরামত ঘ-২-ঙ |
| (১৫) | শহীদ আনোয়ার ক্রসিং ট্রাফিক সিগন্যাল পয়েন্টের কন্ট্রোলার ও বক্স সঠিকভাবে কাজ না করায় নতুন কন্ট্রোলার ও বক্স স্থাপন কাজ। | ১,৬৯,০০০/- | আর এফ ইঞ্জিনিয়ারিং | ১,৬৯,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (১৬) | (ক) IGEBA ব্রান্ড Thermlog TF ৩৫ ফগার মেশিন (জার্মানী)<br>(খ) Best Foger BF-১৫০ (কোরিয়া) ফগার মেশিন। | - | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং | ১,৯৯,০০০/- | কঞ্জারভেন্সী খাত |
| (১৭) | মহাখালী ডিওএইচএস এলাকার রোড মার্কিংসহ স্পীড ব্রেকার রং করণ কাজ। | ৩,১৫,১৮৩/- | মেসার্স আইন এন্ড আম্বরিন ট্রেডার্স | ৩,১৫,১৮৩/- | ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (১৮) | বনানী ডিওএইচএস এলাকার রোড মার্কিংসহ স্পীড ব্রেকার রং করণ কাজ। | ৩,১৮,৫৫৮/- | কে টি এস ট্রেডিং কোং | ৩,১৮,৫৫৮/- | ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (১৯) | শিখা অনির্বানের জন্য ০৯টি পুস্প স্তবক রিং এবং সেনাভবনের জন্য ফুলের চারা ও নার্সারীর মালামাল ক্রয়। | ৮০,৬৯৯/-<br>(বাজার দর) | মেসার্স লাকী এন্টারপ্রাইজ | ৮০,৬৯৯/- | আর্মি কঞ্জারভেন্সী খাত |
| (২০) | বাংলাদেশ নৌ বাহিনী কঞ্জারভেন্সী শাখার বিভিন্ন মালামাল সরবরাহ। | ৫২,৮৯০/-<br>(বাজার দর) | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৫২,৮৯০/- | নেভী কঞ্জারভেন্সী খাত |
| (২১) | কঞ্জারভেন্সী শাখার ০৬টি গাড়ী এবং তিনটি ভ্যান গাড়ী ০৩টি ট্রলি গাড়ী মেরামত করণ। | ৪১,৯৭০/-<br>(বাজার দর) | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৪১,৯৭০/- | আর্মি কঞ্জারভেন্সী খাত |
| (২২) | মিরপুর ডিওএইচএস এলাকার রোড মার্কিংসহ স্পীড ব্রেকার রং করণ কাজ। | ৪,৫৭,০৪৮/- | মেসার্স আরএস এন্টারপ্রাইজ | ৪,৫৭,০৪৮/- | মিরপুর ডিওএইচ উন্নয়ন তহবিল |
| (২৩) | বারিধারা ডিওএইচএস এলাকার কনভেনশন সেন্টারের উত্তর ও দক্ষিণ পার্শ্বে ম্যানহোল উচুকরণ ও নিরাপত্তা গেইট স্থাপন এবং কনভেনশন সেন্টারের র‍্যাম নির্মাণ কাজ। | ১১,৫৮,১২৮/- | দি মুন এন্টারপ্রাইজ | ১১,৫৮,১২৮/- | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (২৪) | মিরপুর ডিওএইচএস এলাকার ২য় ধাপের ৫৯৫ ও ৫৯৬ নং প্লটের খালী জায়গা ভরাট করণ কাজ। | ৩,৮৯,৫৪২/- | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স | ৩,৮৯,৫৪২/- | মিরপুর ডিওএইচ উন্নয়ন তহবিল |
| (২৫) | বারিধারা ডিওএইচএস এলাকার অনন্যা শপিং কমপ্লেক্স এর সম্মুখে ডাম্পিং ইয়ার্ড নির্মাণ কাজ। | ১,৯৭,৬১২/- | মেসার্স জিএম ট্রেডার্স | ১,৯৭,৬১২/- | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (২৬) | বারিধারা ডিওএইচএস এলাকার অনন্যা শপিং কমপ্লেক্স হতে দক্ষিণ দিকে বারিধারা গেইট পর্যন্ত (৪২০ ০˝) ফুটপাতের নিচ দিয়ে আরসিসি পাইপ ড্রেন স্থাপন কাজ। | ১,৮৪,৩৪৩/- | মেসার্স এম আর এন্টারপ্রাইজ | ১,৮৪,৩৪৩/- | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (২৭) | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের প্লট নং-১০৬৯ হতে দক্ষিণ দিকে প্লট নং-১১০৩ পর্যন্ত আরসিসি পাইপ ড্রেন নির্মাণ কাজ। | ১,৬৩,১৩৪/- | মেসার্স চাষী কন্সট্রাকশন | ১,৬৩,১৩৪/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (২৮) | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নার্সারীর প্রবেশ পথে পেভমেন্ট ও ড্রেনের উপর স্লাব নির্মাণ কাজ। | ১,৩০,৪৫৮/- | মেসার্স আকবর এন্ড কোং | ১,৩০,৪৫৮/- | কঞ্জারভেন্সী খাত |
| (২৯) | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নার্সারীতে একটি সেড নির্মাণ। | ৬৪,৪৩৩/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ | ৬৪,৪৩৩/- | কঞ্জারভেন্সী খাত |
| (৩০) | মুসলিম মডার্ণ একাডেমী সংলগ্ন ক্যান্টনমেন্ট বোর্ডের ২য় শ্রেণীর বাসস্থানে ১/সি নিচতলায় (১×৩) ইউনিট বাসস্থান সাজসজ্জাকরণ। | ৯৮,৮১০/- | দি এসোসিয়েটস্ | ৯৮,৮১০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৩১) | শহীদ জাহাঙ্গীর গেটের বাহিরে বিউটি স্পট নির্মাণ কাজ। | ৫৭,৫০০/- টাকা (বাজার দর) | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৫৭,৫০০/- টাকা | কঞ্জারভেন্সী খাত |

সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো অনুমোদন করা হলো। ক্রমিক নং-১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮,৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৯, ২০, ২১, ২৮, ২৯, ৩০ ও ৩১ উল্লেখিত প্রকল্পগুলির কার্যাদেশ প্রদানপূর্বক তা যথাযথভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। অবশিষ্ট কাজের রেসপনিভ টেন্ডার চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৪ঃ রংপুর-চ-০২-০০১৬ নং মাইক্রোবাস অকেজো (Condemn) ঘোষণা ও নিলাম বিক্রির অনুমোদন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে রংপুর-চ-০২-০০১৬ নং মাইক্রোবাসটি অকেজো (Condemn) ঘোষণার জন্য যথাযথ কার্যক্রম গ্রহণসহ নিলামে বিক্রির সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৫ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের বিভিন্ন অত্যাবশ্যকীয় যন্ত্রপাতি ও মালামাল ক্রয়ের দর অনুমোদন সংক্রান্ত Tender Evaluation Committee এর রিপোর্ট এর প্রেক্ষিতে পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ ডিপিপির আলোকে দরপত্র যাচাই বাছাই/রিভিউ করার জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস। | -- | সভাপতি |
| (২) | প্রতিনিধি, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়। | -- | সদস্য |
| (৩) | প্রতিনিধি, ডিজি হেলথ। | -- | সদস্য |
| (৪) | চীফ মেডিক্যাল অফিসার, সিজিএইচ। | -- | সদস্য |
| (৫) | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

উক্ত কমিটির মতামতের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

আলোচ্যসূচী-২৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশল শাখায় কার্যসহকারীর শূন্য পদে জনাব মোঃ আব্দুর রহিম, পিতা- মৃত বজলুর রহমান, মাতা- সালেহা খাতুন-কে দৈনিক ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা মজুরীতে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে শূন্য পদে নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৭ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে পেলিয়েটিভ কেয়ার সেন্টার খোলার বিষয়ে ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) ডাক্তার সুরাইয়া রহমানের আবেদনের উপর আলোচনা।

সিদ্ধান্ত ঃ হাসপাতাল আনুষ্ঠানিক উদ্বোধনের পূর্বে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ বাঞ্ছনীয় নয় মর্মে সভায় মত প্রকাশ করা হয়। তবে এসএইচও'র মাধ্যমে ডিজিএমএস এর মতামত গ্রহণ করে পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।

আলোচ্যসূচী-২৮ঃ সেনানিবাস কবরস্থানের হার্ডস্ট্যান্ড নির্মাণ ও শিশু কবর স্থানের বালু ভরাটকরণসহ কবর চিহ্নিতকরণ।

সিদ্ধান্ত ঃ সেনানিবাস কবরস্থানের হার্ডস্ট্যান্ড নির্মাণ ও শিশু কবর স্থানের বালু ভরাটকরণসহ কবর চিহ্নিতকরণ কাজের বিস্তারিত নকশা ও মূল্যানুমান প্রস্তুত করে জরুরী ভিত্তিতে কাজটি সম্পন্ন করার জন্য দরপত্র আহ্বান করতঃ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৯ঃ রজনীগন্ধা সুপার মার্কেট ভেঙ্গে ধাপে ধাপে আধুনিকায়নের লক্ষ্যে ক্ষতিগ্রস্থ দোকানদারগণকে পুনর্বাসনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ (ক) বর্তমান রজনীগন্ধা সুপার মার্কেট ভেঙ্গে ধাপে ধাপে একটি আধুনিক সুপার মার্কেট নির্মাণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে একটি Steering Committee কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | কিউএমজি, বাংলাদেশ সেনাবাহিনী | -- | চেয়ারম্যান |
| (২) | পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) | স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৪) | ডিডব্লিউএন্ডসিই (আর্মি), ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৫) | এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৬) | সিইও, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য-সচিব |

(খ) এছাড়াও উক্ত প্রকল্প বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিতভাবে একটি বাস্তবায়ন সেল গঠনের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| | | | | |
|---|---|---|---|---|
| (১) | প্রকল্প পরিচালক | ঃ | ১ × সিইও, ঢাকা। | |
| (২) | সুপারভাইজরী ষ্টাফ | ঃ | ১ × নির্বাহী প্রকৌশলী | |
| | | | ১ × সহকারী প্রকৌশলী (সিভিল) | ক্যান্ট বোর্ড নিয়োগ করবে। |
| | | | ২ × উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | ক্যান্ট বোর্ড নিয়োগ করবে। |
| | | | ১ × সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) | ক্যান্ট বোর্ড নিয়োগ করবে। |
| | | | ১ × উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) | ক্যান্ট বোর্ড নিয়োগ করবে। |
| (৩) | ক্লারিক্যাল ষ্টাফ | ঃ | ১ × হিসাব রক্ষক | ক্যান্ট বোর্ড নিয়োগ করবে। |
| | | | ১ × অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ক্যান্ট বোর্ড নিয়োগ করবে। |
| (৪) | অফিস কর্মচারী | ঃ | ২ × ড্রাইভার | ক্যান্ট বোর্ড নিয়োগ করবে। |
| | | | ২ × পিয়ন-কাম-ডাক বাহক | ক্যান্ট বোর্ড নিয়োগ করবে। |
| | | | ১ × সুইপার | ক্যান্ট বোর্ড নিয়োগ করবে। |
| | | | ১ × নিরাপত্তা প্রহরী | ক্যান্ট বোর্ড নিয়োগ করবে। |

(গ) প্রকল্প কাজ সঠিকভাবে বাস্তবায়ন-পর্যবেক্ষণের জন্য নিম্নবর্ণিত মোটরগাড়ী/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | মোটর যান | ঃ | ১ × জীপ |
| | | | ১ × পিক আপ |
| | | | ২ × মোটরসাইকেল |
| | | | ২ × বাইসাইকেল |
| (২) | অফিস সরঞ্জাম | ঃ | ২ × কম্পিউটার প্রিন্টারসহ |
| | | | ১ × টেলিফোন (সিভিল) |
| | | | আসবাবপত্র (প্রাক্কলন অনুযায়ী) |
| | | | ১ × ফ্যাক্স মেশিন |
| (৩) | টুলস | ঃ | স্লাইড ক্যালিপার্স- ২টা |
| | | | ১০০' (ফিতা)- ২টা |
| | | | ১০/২০' টেপ- ৪টা |
| | | | ইলেকট্রিক্যাল টেষ্টিং ইকুইপমেন্ট- ১ সেট |

(ঘ) দরপত্র প্রস্তুত প্রক্রিয়া ও গ্রহণ ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | সংগ্রহাক সত্তা/ক্রয়কারী (Procuring Entity) | ঃ | সিইও, ঢাকা ক্যান্টনমেন্ট। |
| (২) | দরপত্র মূল্যায়ন কমিটি | ঃ | |
| | সভাপতি | ঃ | ১ × লেঃ কর্ণেল (সিএমইএস আর্মি) |
| | সদস্য | ঃ | ১ × মেজর (ষ্টেশন সদর দপ্তর) |
| | | | ১ × অফিসার (জিই আর্মি প্রজেক্ট) |
| | | | ১ × নির্বাহী প্রকৌশলী (ক্যান্ট বোর্ড) |
| | | | ১ × সহকারী প্রকৌশলী (ক্যান্ট বোর্ড) |

(ঙ) চুক্তি পরিচালনা ও দায় পরিশোধের প্রক্রিয়া ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | কার্যাদেশ ইস্যু, কারিগরি সহায়তা প্রদান | ঃ | প্রকৌশল শাখা, ক্যান্ট বোর্ড, ঢাকা। |
| (২) | কাজ তদারকি, ঠিকাদার পরিচালনা ও কারিগরি বিষয়াদি স্পষ্টীকরণ | ঃ | প্রকল্প বাস্তবায়ন সেল ও নিয়োজিত কনসালটেন্ট এর কর্মকর্তা/কর্মচারী। |
| (৩) | বিল প্রস্তুত করণ | ঃ | প্রকল্প বাস্তবায়ন সেল ও নিয়োজিত কনসালটেন্ট এর কর্মকর্তা/কর্মচারী। |
| (৪) | বিল কারিগরি পরীক্ষা করণ | ঃ | ক্যান্ট বোর্ড/সিইএমইস (আর্মি), ঢাকা। |

এছাড়াও দোকান বরাদ্দের নীতিমালা প্রস্তুত করে তা আগামী বোর্ডসভায় উপস্থাপন করতে হবে।

৩০ বিবিধ-১ঃ প্রতি মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে দাখিলকৃত নকশা সংশ্লিষ্ট মাসের বোর্ডসভায় পর্যালোচনার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ প্রতি মাসের ১০ তারিখের মধ্যে ক্যান্টনমেন্ট বোর্ডে দাখিলকৃত নকশা সংশ্লিষ্ট মাসের বোর্ডসভায় পর্যালোচনার জন্য উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো। এর পরে যে সকল নকশা বোর্ডে দাখিল করা হবে তা পরবর্তী মাসের বোর্ডসভায় উপস্থাপন করা হবে। বিষয়টি সংশ্লিষ্টদের অবহিত করা হোক।

৩০ বিবিধ-২ঃ মিরপুর ডিওএইচএস এর ৫৬৩ ও ৫৬৪ নং প্লট যৌথভাবে অনুমোদিত নকশা বাতিল করণের জন্য ৫৬৪ নং প্লটের মালিক লেঃ কর্ণেল মাহমুদ হোসেন চৌধুরী (অবঃ) ও মেজর নূরুন্নাহার (অবঃ) এর ১২ ডিসেম্বর, ২০১১ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ ইতোপূর্বের অনুমোদিত নকশা বাতিল করে ৫৬৪ নং প্লটের জন্য পৃথকভাবে নকশা প্রস্তুত করে অনুমোদনের জন্য দাখিল করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩০ বিবিধ-৩ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | বিএ-২১৮২ মেজর জেনাঃ রেজানুর রহমান খান, পিএসসি | ১০০৬ | মিরপুর ডিওএইচএস | ০৭ (সাত) নতুন ভবন (ঘটনোত্তর) |
| ২। | বিএ-২২১৩ মেজর জেনাঃ শেখ মামুন খালেদ, পিএসসি | ১০৭৯ | মিরপুর ডিওএইচএস | ০৭ (সাত) নতুন ভবন |
| ৩। | বিএ-২০৬৭ ব্রিগেঃ জেনাঃ খান আবু রওশন মোহাম্মদ মোস্তফা কামাল, এনডিসি, পিএসসি | ৫৯৬ | মিরপুর ডিওএইচএস | ০৭ (সাত) নতুন ভবন |
| ৪। | বিএ-২২৪১ ব্রিগেঃ জেনাঃ এ টি এম জিয়াউল হাসান, পিএসসি | ১০৯৮ | মিরপুর ডিওএইচএস | ০৭ (সাত) নতুন ভবন |
| ৫। | বিএ-১০০৩৪২ লেঃ কর্ণেল (অবঃ) মোঃ হাবিবুর রহমান | ১০১৮ | মিরপুর ডিওএইচএস | ০৭ (সাত) নতুন ভবন |
| ৬। | বিইসি-১১০০৩৮ লেঃ কর্ণেল (অবঃ) মুহাম্মদ মুফিদুল ইসলাম | ১১৩৬ | মিরপুর ডিওএইচএস | ০৭ (সাত) নতুন ভবন |
| ৭। | বিএ-১৮৮৯ ব্রিগেঃ জেনাঃ শেখ এম মাহফুজুল হক, এএফডব্লিউসি, পিএসসি | ৬৫৬ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৭ (সাত) তলা |

সিদ্ধান্ত ঃ নতুন আবাসিক ভবনসমূহ নির্মাণের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ভার্টিক্যাল এক্সটেনশনের ক্ষেত্রে এমআইএসটি থেকে কারিগরী মতামত প্রাপ্তি সাপেক্ষে নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩০ বিবিধ-৪ঃ ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত ২৮ (আটাশ) জন মাস্টার রোল কর্মচারীদের মেয়াদ বৃদ্ধিকরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠানসমূহে মাষ্টাররোলে কর্মরত কর্মচারীদের মেয়াদ বৃদ্ধিকরণের বিষয়ে মতামত প্রদানের জন্য নিম্নবর্ণিতভাবে কমিটি গঠন করা হলো ঃ-

(১) মেজর এ বি এম জাকির হায়দার, বীর স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। -- সভাপতি।

(২) সহকারী সচিব, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য।

৩০ বিবিধ-৫ঃ ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত সকল প্রতিষ্ঠানের জানুয়ারি, ২০১২ হতে জুন, ২০১২ পর্যন্ত ০৬(ছয়) মাসের আভ্যন্তরীন ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ চাহিদাকৃত পণ্যসমূহের প্রয়োজনীয়তা যাচাই করে দরপত্র আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং প্রতিষ্ঠান ভিত্তিক নিম্নবর্ণিত মূল্যানুমান অনুমোদন করা হলো ঃ-

| | | |
|---|---|---|
| শহীদ রমিজউদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ | ঃ | ৫,০৮,০৬৬/- টাকা |
| শহীদ রমিজউদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল | ঃ | ৭,১৭,৯২৩/-" |
| মুসলিম মর্ডাণ একাডেমী | ঃ | ৮,৮৫,৫৪৫/-" |
| আদর্শ বিদ্যা নিকেতন, মানিকদী | ঃ | ৫,৭০,৭৯৫/-" |
| সেনাপল্লী হাই স্কুল | ঃ | ৪,৪৩,১৩৫/-" |
| ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল | ঃ | ৪,১৭,৪২০/-" |

৩০ বিবিধ-৬ঃ মহাখালী ডিওএইচএস এলাকার বি/১৩৪ নং প্লটে নির্মিত বাড়ীর গৃহকর পুনঃনির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ শহীদ ক্যাপ্টেন এম এ হামিদ খান এর স্ত্রী মিসেস দেলোয়ারা হামিদ এর মালিকানাধীন মহাখালী ডিওএইচএস এর বি/১৩৪ নং প্লটে নির্মিত বাড়ীর বাৎসরিক গৃহকর শহীদ পরিবার হিসেবে ২০১১-২০১২ সাল হতে ২,০০০/- (দুই হাজার) টাকা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৩০ বিবিধ-৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ঠিকাদার তালিকাভুক্তিকরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ যোগ্যতা সম্পন্ন আবেদনকারীদের আবেদনপত্রসমূহ নিরাপত্তা ছাড়পত্রের জন্য প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে বোর্ডে ঠিকাদার হিসেবে তালিকাভুক্ত করা যেতে পারে।

৩০ বিবিধ-৮ঃ বনানী ডিওএইচএস এলাকার মসজিদ রোডের ড্রেনের উপর আরসিস স্ল্যাব নির্মাণ কাজের ৯৪,৫৮৭/- টাকার মূল্যানুমান অনুমোদন।

সিদ্ধান্ত ঃ বনানী ডিওএইচএস এলাকার মসজিদ রোডের ড্রেনের উপর আরসিস স্ল্যাব নির্মাণ কাজের ৯৪,৫৮৭/- টাকার মূল্যানুমান অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। দরপত্র আহ্বান করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩০ বিবিধ-৯ঃ স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের ডিভাইডারগুলো স্থায়ীভাবে স্থাপন কাজ।

সিদ্ধান্ত ঃ মূল্যানুমান ও নকশা প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। ।

৩০ বিবিধ-১০ঃ শূন্য পদে মাস্টার রোলে একজন ড্রাইভার ও একজন কঞ্জারভেন্সী সুপারভাইজার নিয়োগ।

সিদ্ধান্ত ঃ দৈনিক ২৫০/- টাকা হারে মজুরীতে স্থানীয় বিজ্ঞপ্তির মাধ্যমে সম্পূর্ণ অস্থায়ীভাবে মাস্টার রোলে একজন ড্রাইভার ও একজন কঞ্জারভেন্সী সুপারভাইজার নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩০ বিবিধ-১১ঃ পারিবারিক বিশেষ অসুবিধার কারণে রজনীগন্ধা টাওয়ার এর ১ম তলা-৩ এবং ২য় তলা-২৫ নং দোকানের বরাদ্দগ্রহীতা যথাক্রমে মেজর (অবঃ) মোঃ আনিসুর রহমান এবং মিসেস শামামা নওশীন এর আবেদনের প্রেক্ষিতে জামানত ফেরত প্রদানপূর্বক দোকানের বরাদ্দ বাতিল।

সিদ্ধান্ত জামানত ও জমাকৃত কিস্তির টাকা ফেরত প্রদানপূর্বক রজনীগন্ধা টাওয়ার এর ১ম তলা-৩ ও ২য় তলা-২৫ নং দোকানের বরাদ্দ বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, ১৭ অক্টোবর, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৫ এর মাধ্যমে এ প্রসংগে গৃহীত সিদ্ধান্ত এতদ্বারা সংশোধন করা হলো।

৩০ বিবিধ-১২ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় প্রস্তাবিত শপিং কমপ্লেক্স এর ব্যাংক স্পেস এর জন্য জমাকৃত জামানত ফেরত প্রদানের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ যেহেতু শপিং কমপ্লেক্স নির্মাণের বিষয়ে সরকার থেকে অনুমোদন পাওয়া যায়নি তাই লেঃ কর্ণেল সিরাজুল ইসলাম বিপি(বার) অবঃ এর আবেদনের প্রেক্ষিতে জমাকৃত ৫০,০০০/- টাকা ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( সেখ আকতার হোসেন )
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

( ব্রিগেডিয়ার জেনারেল তানভির হাসান মজুমদার )
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।

SSO - 2